



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৮-১৯/২১১(১২০০)

তারিখঃ ২৭/০৯/২০১৮

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ব্যাংকের বিভিন্ন শুরুর কার্যালয়সমূহ কর্তৃক ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/সুপারিশ/মঞ্জুরির সময়সীমা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে ক্রেডিট বিভাগ-১ (পূর্বতন ঋণ ও অগ্রিম বিভাগ-১) কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০১৩ তারিখ ০৭/০৭/২০১৩ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বর্ণিত পরিপত্রের মাধ্যমে শাখাসহ সকল কার্যালয়সমূহকে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/মঞ্জুরির সময়কাল নির্ধারণ করে দেয়া হয়েছে। উক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন না করে কতিপয় শাখা/কার্যালয় ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/নিষ্পত্তি করতে অহেতুক বিলম্ব করছে। যা উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে এবং এ বিষয়ে গভীর অসন্তোষ প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, সকল পর্যায়ে নির্ধারিত সময়সীমার মধ্যে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের বিষয়ে ক্রেডিট বিভাগ-১ এর সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৭-১৮/২১১ (১২৫০) তারিখ ৩১/১০/২০১৭ এবং সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৭-১৮/৫২৮(১২৫০) তারিখ ১৮/০৪/২০১৮ এর মাধ্যমে একাধিক বার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক যথাসময়ে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/সুপারিশ/মঞ্জুরির কার্যাদি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃরায় নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

মোঃ আজিজুল বারী

মহাব্যবস্থাপক

তারিখঃ ২৭/০৯/২০১৮

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৮-১৯/২১১(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
 - ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
 - ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
 - ৯। নথি / মহানথি।

(মনির উদ্দিন)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৫০৪০৩

বিষয়ঃ ব্যাংকের বিভিন্ন স্তরের কার্যালয়সমূহ কর্তৃক ঋণ প্রস্তাব
প্রক্রিয়াকরণ/সুপারিশ/মঞ্জুরীর সময়সীমা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের অপারেশন পরিপত্র নং-১০৮/৯৩ তারিখ ২০/১০/১৯৯৩ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি
আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রে কর্পোরেট শাখা ও স্থানীয় মুখ্য কার্যালয় এর জন্য ঋণ প্রস্তাব প্রক্রিয়া/মঞ্জুরীর সময়কাল নির্ধারিত না থাকায়
তা সন্নিবেশকরণ এবং অন্যান্য কার্যালয়ের জন্য পূর্ব নির্ধারিত সময়সীমা বাস্তবতার নিরিখে পুনঃ নির্ধারণের জন্য গত ২৯/০৪/২০১৩
তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্যদের ৫৮৫তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পর্যদের সদয় সিদ্ধান্ত মোতাবেক ঋণ প্রস্তাব
প্রক্রিয়া/মঞ্জুরীর সময়কাল ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনঃ নির্ধারণ করা হলোঃ

(ক) শস্য ঋণঃ

ক্রমিক নং	খাত	অনুমোদিত সময়সীমা
১)	শস্য ঋণ	৩ দিন

(খ) চা ঋণঃ

ক্রমিক নং	খাত	অনুমোদিত সময়সীমা	
		শাখা পর্যায়ে	অন্যান্য সকল পর্যায়ে
১)	চা উৎপাদন ও উন্নয়ন ঋণ	১৫ দিন	১০ দিন

(গ) মেয়াদী ঋণঃ

ক্রমিক নং	কার্যালয়	অনুমোদিত সময়সীমা
১)	মূল্যায়নকারী কর্মকর্তা/কর্মচারী	১৫ দিন
২)	শাখা ব্যবস্থাপক	০৭ দিন
৩)	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক	০৭ দিন
৪)	কর্পোরেট শাখা	২০ দিন
৫)	স্থানীয় মুখ্য কার্যালয়	২০ দিন
৬)	বিভাগীয় কার্যালয়	১০ দিন

(ঘ) প্রকল্প ঋণ (সাধারণ)ঃ

ক্রমিক নং	কার্যালয়	অনুমোদিত সময়সীমা
১)	শাখা কার্যালয়	১৫ দিন
২)	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়	১০ দিন
৩)	কর্পোরেট শাখা	২০ দিন
৪)	বিভাগীয় কার্যালয়	১০ দিন
৫)	স্থানীয় মুখ্য কার্যালয়	২০ দিন
৬)	প্রধান কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ)	১৫ দিন

(ঙ) প্রকল্প ঋণ (এসএমই)ঃ

ক্রমিক নং	কার্যালয়	অনুমোদিত সময়সীমা
১)	শাখা কার্যালয়	১৫ দিন
২)	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়	১০ দিন
৩)	কর্পোরেট শাখা	১৫ দিন
৪)	বিভাগীয় কার্যালয়	১০ দিন
৫)	স্থানীয় মুখ্য কার্যালয়	১৫ দিন
৬)	প্রধান কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ)	১৫ দিন

(৩) চলতি মূলধন/নগদ পুঞ্জি ঋণ (এসএমইসহ):

২৭

ক্রমিক নং	কার্যালয়	অনুমোদিত সময়সীমা	
		নুতন ঋণ প্রস্তাব	নবায়ন/বর্ধিতকরণ ঋণ প্রস্তাব
১)	শাখা কার্যালয়	০৭ দিন	০৭ দিন
২)	মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়	০৭ দিন	০৭ দিন
৩)	কর্পোরেট শাখা	২০ দিন	১৫ দিন
৪)	বিভাগীয় কার্যালয়	০৭ দিন	০৭ দিন
৫)	স্থানীয় মুখ্য কার্যালয়	৩০ দিন	২০ দিন
৬)	প্রধান কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ)	১৫ দিন	১০ দিন


০৩। উল্লেখ্য যে, ঋণ নথি প্রক্রিয়াকরণে নির্ধারিত সময়সীমা যথাযথভাবে পরিপালিত না হওয়ায় এবং এ বিষয়ে কোন পর্যায়ে তেমন জবাবদিহিতা না থাকায় সময়মত ঋণ মঞ্জুরী/নবায়ন সম্পন্ন হচ্ছে না; ফলে, ঋণ শৃংখলা বিঘ্নিত হওয়াসহ গ্রাহকদের কাছে অত্র ব্যাংক সম্পর্কে নেতিবাচক ধারণাসহ ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। অন্যদিকে, একই কারণে ব্যাংকের অনেক Performing Loan সমূহ Non Performing Assets এ পরিণত হচ্ছে এবং ব্যাংকের অনেক মানসম্মত ঋণ গ্রহীতা অন্য ব্যাংকে চলে যাচ্ছে। ব্যাংকের স্বার্থ রক্ষায় যা মোটেও কাম্য নয়।

০৪। উপরোক্ত অবস্থা নিরসনের জন্য অনুসরণীয় দিকনির্দেশনা নিম্নে প্রদান করা হলোঃ

- শাখা কর্তৃক পূর্ণাঙ্গ ও নির্ভুল ঋণ প্রস্তাব গ্রহণ করে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ঋণ মঞ্জুরী/ঋণ প্রস্তাব নিষ্পত্তি করতে হবে;
- উর্দ্ধতন কার্যালয়ে ঋণ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে চেকলিষ্ট মোতাবেক পূর্ণাঙ্গ ও নির্ভুল কাগজপত্রসহ ঋণ প্রস্তাব সুপারিশকারী/মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;
- নির্ধারিত সময়ের মধ্যে স্বল্প সময়ে ঋণ প্রদান করে উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে;
- ঋণ প্রস্তাব প্রক্রিয়া/মঞ্জুরীকরণে অহেতুক বিলম্বের জন্য সংশ্লিষ্টদেরকে জবাবদিহিতার আওতায় আনতে হবে;
- বিভিন্ন কার্যালয়ে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের সময়কাল অগ্রপট্রে উল্লেখ করতে হবে;
- ঋণ নবায়ন/বর্ধিতকরণের প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট মেয়াদ শেষ তারিখের ০২(দুই) মাস পূর্ব সময়ের মধ্যে উপস্থাপন করতে হবে।

০৫। উপরোক্ত নির্দেশনা পরিপালন পূর্বক ঋণ প্রস্তাব প্রক্রিয়া/সুপারিশ/মঞ্জুরী যথাসময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৬। অত্র বিভাগের এতদসংক্রান্ত অপারেশন পরিপত্র নং-১০৮/৯৩ তারিখ ২০/১০/১৯৯৩ বাতিল করা হলো। অত্র পরিপত্রের কোন বিষয়ে সংশয় দেখা দিলে বা অস্পষ্টতা অনুভূত হলে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



০৭/০৭/২০১৫
(আনোয়ার আলী খান)

মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৮৫৮৭২
তারিখঃ - এ -

নং-প্রকা/ঋঃসঃ-১/৩(৭)অংশ-০৫/২০১৩-১৪/১২(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আধাবাদ/চট্টগ্রাম/কাওরান বাজার/খুলনা/সিলেট/বনানী/নারায়নগঞ্জ কর্পোরেট শাখাসমূহ।
- ৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি / মহানথি।


০৭/০৭/২০১৫
(এম, এ, জাকার মিয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩